

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪২

আগরতলা, ১৮ এপ্রিল, ২০২৪

গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু ত্রিপুরাবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘গড়িয়া হচ্ছে ত্রিপুরার একটি অন্যতম প্রধান উৎসব যা নাকি এপ্রিল মাসে তথা বৈশাখের ৭ তারিখ পালন করা হয়। গড়িয়া দেবতাকে সম্পদ ও গৃহপালিত প্রাণীর দেবতা হিসেবে গৃহস্থলির শুভ শক্তি রূপে বিবেচনা করা হয়। সমৃদ্ধি ও শ্রদ্ধারও প্রতীক এই গড়িয়া দেবতা।’ শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল আশা প্রকাশ করেন গড়িয়া পূজা ও উৎসব ত্রিপুরাবাসীর জীবনে সুখ-শান্তি, ভালবাসা নিয়ে আসবে এবং সৌভ্রাতৃত্বের বন্ধনকে সুদৃঢ় করবে।
